



অতীব জরুরি

মাধ্যমিক ও উচ্চ মাধ্যমিক শিক্ষা বোর্ড রাজশাহী

www.rajshahieducationboard.gov.bd

স্মারক নম্বর- রাশিবো/গোপ/পনি-৫২৫


তারিখ : ০১ এপ্রিল ২০১৮

বিষয় : ২০১৮ সালের এইচএসসি পরীক্ষার্থীদের পরীক্ষা কেন্দ্রে নির্ধারিত কক্ষে আসন গ্রহণ প্রসঙ্গে

আগামী ০২ এপ্রিল ২০১৮ হতে অনুষ্ঠেয় এইচএসসি পরীক্ষার পরীক্ষার্থীদের জন্য নির্ধারিত কেন্দ্রের নির্দিষ্ট কক্ষে পরীক্ষা শুরুর ৩০ (ত্রিশ) মিনিট পূর্বে তাদের আসন গ্রহণের নির্দেশনা প্রদানের জন্য মাধ্যমিক ও উচ্চ মাধ্যমিক শিক্ষা বোর্ড, রাজশাহী-এর আওতাধীন শিক্ষা প্রতিষ্ঠান প্রধান, ২০১৮ সালের এইচএসসি পরীক্ষার পরীক্ষা কেন্দ্রের ভারপ্রাপ্ত কর্মকর্তাসহ সংশ্লিষ্ট সকলকে অনুরোধ করা হলো।

অনিবার্য কারণে উক্ত সময়ের পর কোনো পরীক্ষার্থীকে প্রবেশের অনুমতি দিলে অবশ্যই তাৎক্ষণিক বিলম্ব হওয়ার কারণ, পরীক্ষার কেন্দ্রে প্রবেশের সময়, রোল ও রেজিস্ট্রেশন নম্বরসহ তথ্য কেন্দ্র রেজিস্ট্রারে সংরক্ষণ করে প্রতিবেদন আকারে বোর্ডের পরীক্ষা নিয়ন্ত্রক বরাবরে প্রেরণ করার জন্য কেন্দ্রের ভারপ্রাপ্ত কর্মকর্তাদেরকে অনুরোধ করা হলো।

প্রাপক
ভারপ্রাপ্ত কর্মকর্তা(সকল)
এইচএসসি ২০১৮ পরীক্ষা কেন্দ্র
মাধ্যমিক ও উচ্চ মাধ্যমিক শিক্ষা বোর্ড রাজশাহী


প্রফেসর মো. আবুল কালাম আজাদ
চেয়ারম্যান
মাধ্যমিক ও উচ্চ মাধ্যমিক শিক্ষা বোর্ড রাজশাহী
ফোন ০৭২১-৭৭৬২৭০
chairman@rajshahieducationboard.gov.bd

অনুলিপি সদয় জ্ঞাতার্থে ও কার্যার্থে

১. কমিশনার, রাজশাহী বিভাগ, রাজশাহী
২. জেলা প্রশাসক, রাজশাহী বিভাগের সকল জেলা
৩. উপজেলা নির্বাহী অফিসার, রাজশাহী বিভাগের সকল উপজেলা
৪. চেয়ারম্যান মহোদয়ের একান্ত সচিব, মাধ্যমিক ও উচ্চ মাধ্যমিক শিক্ষা বোর্ড রাজশাহী
৫. অফিস নথি